তারিখ ... ১১ NOV ২০১৭ ...
পৃষ্ঠা ... ১৭ কলাম ... ৬ ......

কালের কণ্ঠ

### সিংড়ার সাত স্থানে বখাটেদের উৎপাত

# নিরাপত্তাহীনতায় জেএসসি পরীক্ষার্থীরা

**নাটোর প্রতিনিধি ▷**

নাটোরের সিংড়ায় অন্তত সাতটি স্থানে বখাটেদের উৎপাতে জেএসসি পরীক্ষার্থীসহ স্কুল ও কলেজপড়ুয়া মেয়েরা অতিষ্ঠ হয়ে উঠেছে। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত দলবেঁধে অথবা মোটরসাইকেলে চড়ে বখাটেরা মেয়েদের উত্ত্যক্ত করে। বিশেষ করে গ্রামগঞ্জ থেকে আসা জেএসসি পরীক্ষার্থীরা এই উত্ত্যক্তের শিকার হচ্ছে। আর অধিকাংশ বখাটে ইয়াবা ও হেরোইনে আসক্ত।

বখাটেদের হাত থেকে জেএসসি পরীক্ষার্থীসহ শিক্ষার্থীদের নিরাপত্তা চেয়ে গত ৩১ অক্টোবর সিংড়া থানায় একটি লিখিত আবেদন করেছেন সিংড়া দমদমা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও কেন্দ্রসচিব বিলকিস আকতার বানু। সিংড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর এর অনুলিপি পাঠানো হয়েছে।

> বিদ্যালয়ের সামনে এক ছাত্রীকে বখাটে বিয়ের প্রস্তাব দিলে অপমানে সে কান্নায় ভেঙে পড়ে

সিংড়া উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, চলনবিল অধ্যুষিত নাটোর জেলার বৃহৎ উপজেলা সিংড়া। সম্প্রতি জেএসসি পরীক্ষাকে কেন্দ্র করে উপজেলার দুর্গম এলাকার প্রায় চার হাজার শিক্ষার্থী পৌর শহরের দুটি মূল কেন্দ্রের আওতায় পাঁচটি ভেন্যুতে পরীক্ষায় অংশ নিয়েছে। আর এসব কেন্দ্রে পরীক্ষা দিতে আসার সময় উত্ত্যক্তের শিকার হচ্ছে শিক্ষার্থীরা।

সূত্র জানায়, যেসব স্থানে মেয়েরা উত্ত্যক্তের শিকার হচ্ছে সেগুলো হলো নতুন শহীদ মিনার, থানা মোড়, দমদমা বালিকা বিদ্যালয়ের সামনে, বাসটার্মিনাল, বালুয়া-বাসুয়া চলনবিল গেট, দমদমা মোড় ও উপজেলার কোয়ার্টারের ভেতর। এই কোয়ার্টার এলাকায় মেয়েদের সবচেয়ে বেশি উত্ত্যক্ত করছে বখাটেরা।

নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক শিক্ষার্থী ও অভিভাবকরা জানান, অপরিচিত বখাটেরা রাস্তার মোড়ে ও পরীক্ষাকেন্দ্রের সামনে দাঁড়িয়ে কখনো প্রেমের প্রস্তাব, কখনো বিয়ের প্রস্তাবসহ মেয়েদের নাম-ঠিকানা জানতে চাইছে।

সর্বশেষ গত বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টায় সিংড়া বিয়াম ল্যাবরেটরি স্কুল পরীক্ষাকেন্দ্রের সামনে উপজেলার ডাগনাগরকান্দি গ্রাম থেকে আসা এক মেয়ে পরীক্ষার্থীর সামনে দাঁড়িয়ে বিয়ের প্রস্তাব দেয় এক বখাটে যুবক। এ সময় দুই শিক্ষক এগিয়ে এলে ওই শিক্ষকদের হুমকি দিয়ে চলে যায় বখাটেরা। পরে বিয়ের প্রস্তাবে অপমানিত ওই শিক্ষার্থী কান্নায় ভেঙে পড়ে।

প্রধান শিক্ষক ও কেন্দ্রসচিব বিলকিস আকতার বানু জানান, বিষয়টি তিনি মুঠোফোনে থানায় জানিয়েছেন। এ ছাড়া জেএসসি পরীক্ষার্থীসহ শিক্ষার্থীদের নিরাপত্তা চেয়ে একটি লিখিত অভিযোগ দিয়েছেন।

সিংড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুল ইসলাম বলেন, ইতিমধ্যে পুলিশের টহল জোরদার করা হয়েছে। অভিযুক্ত বখাটেদের শনাক্ত করে আটকের চেষ্টা চলছে।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রাজ্জাকুল ইসলাম বলেন, সামনের পরীক্ষায় আর কোনো শিক্ষার্থী যেন বখাটেদের উত্ত্যক্তের শিকার না হয়, সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।